

তারিখ . . . ১১ JAN 20 ১৩ . . .
 পৃষ্ঠা . . . ৮ . . .

২৭ মার্চ থেকে এসএসসি ও দাখিল পরীক্ষা

স্টাফ রিপোর্টার : ইউনিয়ন পরিষদ নির্বাচনের কারণে এবারের এসএসসি ও দাখিল পরীক্ষা ৩ সপ্তাহ পিছিয়ে দেয়া হয়েছে। আগামী ২৭ মার্চ বৃহস্পতিবার থেকে সারাদেশে একযোগে ২০০০ সালের এসএসসি ও দাখিল পরীক্ষা শুরু হবে। এ ব্যাপারে ৭টি শিক্ষা বোর্ড এবং জারিগরি ও মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যানদের সমন্বিত সভায় সিদ্ধান্ত নিয়ে তা অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। উল্লেখ্য, ইতিপূর্বককার সিদ্ধান্ত অনুযায়ী ৬ মার্চ থেকে এবারের এসএসসি ও দাখিল পরীক্ষা অনুষ্ঠিত হবার কথা ছিল। বোর্ডগুলোর নিয়মানুযায়ী সাধারণত মার্চের প্রথম বৃহস্পতিবার থেকে এসএসসি ও দাখিল এবং এপ্রিলের শেষ বৃহস্পতিবার থেকে এইচএসসি ও আলীম পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে। এবারের এসএসসি ও দাখিল পরীক্ষা ৩ সপ্তাহ পিছিয়ে যাবার কারণে এইচএসসি ও আলীম পরীক্ষাও পিছিয়ে যাবার সম্ভাবনা রয়েছে।